

## লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৫০. অসন্তোষে কোন লাভ নেই

কারো অবস্থা সম্বন্ধে অসন্তোষ সাধারণত দু'কারণে সৃষ্টি হয়ে থাকে। হয়ত যা চায় তা অর্জন করতে না পারার কারণে অথবা যা সে ঘৃণা বা অপছন্দ করে তা ঘটায় কারণে অসন্তোষের সৃষ্টি হয়ে থাকে। তবুও কেউ যদি সত্যিসত্যিই মনে করে যে, যা তার ভাগ্যে জোটেনি তা কখনও তার জন্য ছিল না এবং যা তাকে আক্রান্ত করেছে তা সর্বদাই তার জন্য প্রাপ্য ছিল তবে তার হতাশ বোধ করার কোন কারণই নেই। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

جف القلم بما أنت لاق يا أبا هريرة فقد فرغ من القضاء وانتهى من القدر وكتبت المقادير ورفعت الاقلام وجفت الصحف

ভাবার্থঃ “(হে আবু হুরায়রা) তোমার যা ঘটবে সে সম্বন্ধে লিখিত কলমের কালি শুকিয়ে গেছে। বিধান লেখা শেষ হয়ে গেছে, তকদীর লেখা সমাপ্ত হয়ে গেছে, সবকিছুর তকদীর বা পরিমাণ লেখা হয়ে গেছে, কলম উঠিয়ে (গুছিয়ে) রাখা হয়েছে এবং লিখিত পাতাসমূহ শুকিয়ে গেছে।”

Source — <https://www.hadithbd.com/books/link/?id=7758>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন